সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮ **বিষয় কোড-১৫০**

নবম শ্রেণি

বিষয়- বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনি)

সময়৩০ : মিনিট পূর্ণমান: ৩০

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। ১৯৪৮ সালের ২রা মার্চ 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' কী নামে পুনর্গঠিত হয়?
ক) সংগ্রাম পরিষদ (খ) রাষ্ট্রভাষা পরিষদ
(গ) ভাষা পরিষদ (ঘ) রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ

২। কোন পরিচয়ে সকল বাঙালি ও ক্ষুদ্র নৃগোষ্ঠী জাতীয়তাবাদের ধারায় অংশ গ্রহণের সুযোগ পায়?
(ক) বাঙালি জাতীয়তাবাদ (খ) অসাম্প্রদায়িক চেতনা
(গ) স্বদেশী চেতনা (ঘ) স্বাধিকার আন্দোলন

৩। ১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে মুসলিম আসনের শতকরা কতটি আসন যুক্তফ্রন্ট লাভ করে?
(ক) ৯ (খ) ৯৪
(গ) ৯৮ (ঘ) ২২৩

নিচের উদ্দীপক অনুসরণ ৪ নং ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
গত শতাব্দীর মধ্যভাগে মেহেরপুরের পাট চাষী তোরাব তার জমিতে উৎপন্ন পাট দেশীয় বাজারে দাম কম থাকায় যুক্তরাষ্ট্রে রপ্তানি করে ২৫০০ মার্কিন ডলার পান। তৎকালীন সরকারকে ট্যাক্স বাবদ তাকে ১৫০০ মার্কিন ডলার দিতে হয় যা দিয়ে সরকার পশ্চিম অংশের উন্নয়ন করে।

৪। উদ্দীপকে নির্দেশিত বিষয় তোরাবের দেশের প্রতি কোন ধরণের বৈষম্যকে নির্দেশ করে?
(ক) প্রশাসনিক (খ) সামাজিক
(গ) অর্থনৈতিক (ঘ) প্রতিরক্ষা

৫। উপরোক্ত বৈষম্য তোরাবের মত ব্যক্তিদের উদ্বুদ্ধ করে-
i) দুর্বার আন্দোলনে ii) স্বাধিকার আদায়ে
iii) স্বাধীনতা অর্জনে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i , ii ও iii

৬। কোন কর্মসূচি বাঙালিদের স্বাধীনতার মন্ত্রে গভীরভাবে উজ্জীবিত করে?
(ক) ৬ (খ) ১১
(গ) ১৫ (ঘ) ২১

৭। সৌরজগতে কোন গ্রহের উপগ্রহ সংখ্যা বেশি?
(ক) নেপচুন (খ) ইউরেনাস
(গ) বৃহস্পতি (ঘ) শনি

৮। ভূপৃষ্ঠ সংলগ্ন বায়ুমন্ডলের সর্বনিম্ন স্তরকে কী বলে?
(ক) অশ্বমন্ডল (খ) ট্রপোমন্ডল
(গ) ওজোনস্তর (ঘ) গুরুমন্ডল

উদ্দীপক অনুসরণে ৯ নং ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :



৯। চিত্র-১ দ্বারা নির্দেশিত 'A' বিন্দুকে 'B' বিন্দুর কী বলে?
(ক) অক্ষাংশ (খ) দ্রাঘিমাংশ
(গ) প্রতিপাদস্থান (ঘ) অক্ষরেখা

১০। 'A' স্থানের মান ৬০° উত্তর অক্ষাংশ হলে 'B' স্থান-
i) ৬০° দক্ষিণ অক্ষাংশে ii) নিরক্ষ রেখার দক্ষিণে
iii) শনিবার সকাল ৬টা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i , ii ও iii

১১। পৃথিবীর আলোকিত ও অন্ধকার অংশের মধ্যবর্তী বৃত্তাকার অংশকে কী বলে?
(ক) ছায়াবৃত্ত (খ) সৌরদিন
(গ) মধ্যরাত্রি (ঘ) ভূ-গোলক

১২। অষ্টমী তিথিতে চন্দ্র ও সূর্য পৃথিবীর সাথে কোন অবস্থানে থাকে।
(ক) সমকোণ (খ) অনুসূর
(গ) অপসূর (ঘ) সরল রেখায়

১৩। পৃথিবীর 'M' স্থানে সোমবার দুপুর ১২টায় মুখ্য জোয়ার হলে ঐ স্থানে পরবর্তী মুখ্য জোয়ার মঙ্গল বার কখন হবে?
(ক) রাত ১২ টা ১২ মিনিটে (খ) সকাল ৬ টা ৬ মিনিটে
(গ) দুপুর ১২ টা ১২ মিনিটে (ঘ) দুপুর ১২ টা ৫২ মিনিটে

১৪। ৪৫° উত্তর অক্ষাংশ কোন অক্ষাংশের পর্যায়ভুক্ত?
(ক) নিম্ন (খ) মধ্য
(গ) উচ্চ-মধ্য (ঘ) উচ্চ

১৫। ম্যাকাইভার প্রদত্ত রাষ্ট্রের সংগায় 'রাষ্ট্রের' কয়টি উপাদানের কথা উল্লেখ আছে?
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

১৬। রাজনৈতিক ভাবে সংগঠিত জনগণকে কী বলে?
(ক) সরকার (খ) রাষ্ট্র
(গ) রাজনৈতিক দল (ঘ) জনসমষ্টি

১৭। 'A' নামক রাষ্ট্রের আয়তন ৩৪০০ বর্গমাইল। সরকার উক্ত রাষ্ট্রে পুলিশ ও সামরিক বাহিনী গড়ে তোলে কেন?

(ক) জনগণের স্বাধীনতা রক্ষায়

(খ) রাষ্ট্রের সামাজিক নিরাপত্তায়

(গ) পররাষ্ট্র বিষয়ক কাজ সম্পাদনে

(ঘ) আইন-শৃঙ্খলা রক্ষার্থে

১৮। জনাব লাবিব বিশ্ববিদ্যালয়ের পড়ালেখা শেষ করে গত বছর থেকে সমাজ সেবা অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তা হিসাবে খুলনা মহানগরী শাখায় কর্মরত আছেন।

নাগরিক হিসাবে জনাব লাবিবের মূল দায়িত্ব কোনটি?

(ক) রাষ্ট্রের অর্পিত দায়িত্ব সম্পাদন

(খ) আইনের প্রতি সম্মান দেখানো

(গ) সততার সাথে ভোট প্রদান

(ঘ) যথাসময়ে কর প্রদান

১৯। আইনের প্রকৃষ্ট উৎস কোনটি?

(ক) ন্যায়নীতি (খ) ফতোয়া

(গ) প্রথা (ঘ) বিচারকের রায়

২০। ভেটো প্রদানের ক্ষমতা আছে কয়টি রাষ্ট্রের?

(ক) ৫ (খ) ১০

(গ) ১৫ (ঘ) ১৯২

২১। কত সাল থেকে জাতিসংঘের কার্য প্রণালিতে বাংলা ভাষার ব্যবহার হচ্ছে?

(ক) ১৯৭৪ (খ) ১৯৮৪

(গ) ১৯৯৪ (ঘ) ২০০৮

২২। 'CEDAW' সনদের সাথে সম্পৃক্ত করা যায়-

i) নারী-পুরুষের সমতা সৃষ্টি ii) ৩০টি ধারা

iii) ১৯৮১ সাল থেকে কার্যকর

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩। কোন দ্রব্যের মানুষের অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?

(ক) চাহিদা (খ) ভোগ

(গ) উপযোগ (ঘ) উৎপাদন

২৪। 'যশোর সদর হাসপাতাল' কোন ধরণের সম্পদ?

(ক) ব্যক্তিগত (খ) সমষ্টিগত

(গ) জাতীয় (ঘ) আন্তর্জাতিক

উদ্দীপক অনুসরণে ২৫ নং ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :

ইকবাল ঢাকা মেডিকেল কলেজের সামনে মৌসুমি ফলের ব্যবসা করেন। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে সে নিজস্ব উদ্যোগে এবং জনগণের চাহিদা অনুযায়ী মৌসুমি ফল সংগ্রহ করে রাজধানীতে বিক্রি করে সংসার চালায়।

২৫। ইকবালের কাজের সাথে সম্পৃক্ত অর্থব্যবস্থার নাম কী?

(ক) ধনতান্ত্রিক (খ) পুঁজিপতি

(গ) সমাজতান্ত্রিক (ঘ) মিশ্র

২৬। ইকবালের কাজের সাথে সম্পৃক্ত অর্থব্যবস্থায় হয়-

i) জনকল্যাণ সাধন ii) মুনাফা অর্জন

iii) অবাধ প্রতিযোগিতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭। জনাব মিজান ১০ বিঘা জমিতে মাছ চাষ করেন। এজন্য তাকে জমিওয়ালাকে বার্ষিক ১ লাখ টাকা দিতে হয়েছে। অর্থনীতিতে উক্ত টাকাকে কী বলা হয়?

(ক) উৎপাদন (খ) মজুরী

(গ) খাজনা (ঘ) জাতীয় আয়

২৮। পরিবার গঠনের অন্যতম পূর্বশর্ত কী?

(ক) গোষ্ঠী (খ) বর্ণ

(গ) সম্মতি (ঘ) বিবাহ

২৯। এম. এ. পাশ 'মলি' তার শিশু সন্তান 'ডলি' কে ছড়া শিক্ষা দেন, এটি তার-

i) অতীত অভিজ্ঞতা ii) শিখন ফল iii) প্রশিক্ষণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০। সমাজ জীবনের মূল বিষয় হল-

(ক) পরিবার (খ) সম্প্রীতিবোধ

(গ) জ্ঞাতি-গোষ্ঠী (ঘ) মিথস্ক্রিয়া

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর

সেট ক

অর্ধ-বার্ষিক পরীক্ষা – ২০১৮

বিষয় কোড: ১৫০

নবম শ্রেণি

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল)

সময়: ২ঘন্টা ৩০মিঃ পূর্ণমান: ৭০

[বিশেষ দ্রষ্টব্য : যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও]

Top of Form

১। 'ক' দেশ নিয়ে দুই বন্ধুর কথোপকথনঃ

১ম বন্ধু : 'ক' দেশের স্বাধীনতা পূর্ব একটি আন্দোলনে সর্বস্তরের মানুষ যার যার অবস্থান থেকে অংশ নেয়। এ আন্দোলনে অংশ নিয়ে বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক ও একজন ছাত্র নিহত হন।

২য় বন্ধু : হ্যাঁ, ঐ আন্দোলনের পরবর্তী বছরের নির্বাচনই আমাদের স্বাধীনতার ভিত্তি।

ক) ৬ দফার একটি দফা লিখ। ১

খ) ভাষাকেন্দ্রিক ঐক্য কীসের ভিত্তি রচনা করে -ব্যাখ্যা কর। ২

গ) ১ম বন্ধুর উক্তির মধ্যে আমাদের স্বাধীনতা পূর্ব যে ঘটনার ইঙ্গিত পাওয়া যায় তা- ব্যাখ্যা কর। ৩

ঘ) ২য় বন্ধুর উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

২। বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে একজন জনপ্রতিনিধি এবং বিশেষ অতিথি হিসেবে জেলা প্রশাসক উপস্থিত ছিলেন। প্রধান শিক্ষক তাঁর উদ্বোধনী বক্তৃতায় বলেন, "আজ আমাদের মাঝে যে দু'জন বিশিষ্ট ব্যক্তি উপস্থিত হয়েছেন তাঁরা স্ব-স্ব অবস্থানে আমাদের দেশের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন । আমরা তাদের সুস্বাস্থ্য কামনা করছি" ।

ক) রাষ্ট্র কাকে বলে? ১

খ) আইনের প্রাচীনতম উৎসটি ব্যাখ্যা কর । ২

গ) ক্রীড়া অনুষ্ঠানের প্রধান অতিথির কাজ, সরকারের যে শাখার কাজের সাথে জড়িত তা- ব্যাখ্যা কর । ৩

ঘ) বিশেষ অতিথি সরকারের যে শাখায় কর্মরত সেই শাখা নিয়ন্ত্রিত হয় প্রধান অতিথির শাখা দ্বারা- বিশ্লেষণ কর। ৪

৩। রফিক এক খন্ড জমি কিনে যথা নিয়মে রেজিষ্ট্রি করেন। পরবর্তীতে ভূমি অফিসে উক্ত জমি-জমা খারিজ করতে গেলে অফিসের কর্মকর্তা তাকে প্রয়োজনীয় সহযোগিতা না করে নানান ভাবে হয়রানি করতে থাকে। তিনি তার বন্ধু শফিকের পরামর্শে উপযুক্ত কর্তৃপক্ষের স্মরণাপন্ন হন। অবশেষে তিনি যথাযথ কর্তৃপক্ষের সহায়তায় জমি সংক্রান্ত প্রয়োজনীয় সেবা ও তথ্য পেতে সফল হন। বন্ধু শফিক বলেন, "আইনের প্রাধান্যই স্বাধীনতার রক্ষা কবচ"।

ক) সংবিধানের ৩৯ নম্বর অনুচ্ছেদটি লিখ। ১

খ) আইনের প্রাচীনতম উৎসটির ব্যাখা দাও। ২

গ) রফিক যে আইনের সহায়তায় সুফল পেলেন তা- ব্যাখ্যা কর। ৩

ঘ) শফিকের বক্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

৪। দুই বাল্যবন্ধু নাসির ও কবির ছোট বেলায় একত্রে পড়াশুনা করলেও নাসির গ্রামে তার দাদা-দাদী, বাবা-মা, ভাই-বোন নিয়েই আছে। সন্তানদের পড়াশুনাও ঠিকমত চালাতে পারছে না। অন্যদিকে তার বন্ধু কবির সরকারি চাকরি পেয়ে স্ত্রী ও সন্তান নিয়ে শহরে বসবাস করছে । তার সন্তানরা ভাল স্কুলে পড়াশুনা করছে।

ক) সামাজিক মূল্যবোধ কী? ১

খ) পরিবার গঠনের মূল উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ) নাসিরের পরিবারের ধরন ব্যাখ্যা কর । ৩

ঘ) গঠনগত কারণে কবিরের পরিবারের সদস্যরা বেশি সুযোগ-সুবিধা ভোগ করছে- বিশ্লেষণ কর। ৪

৫। মুনিব উচ্চশিক্ষার জন্য বাংলাদেশে থেকে একটি দেশে গমন করে যেখনে ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অবাধ প্রতিযোগিতা ও সর্বাধিক মুনাফা অর্জনের সুযোগ আছে। তার বন্ধু রাজু অন্য একটি দেশে থাকে, যেখানে সরকারী ও বেসরকারী খাতের সহাবস্থান, উদ্যোক্তা ও ভোগকারীর স্বাধীনতা আছে।

ক) জাতীয় সম্পদ কী? ১

খ) মাথাপিছু আয় বলতে কী বোঝায়? ২

গ) মুনিবের গমনকৃত দেশে প্রচলিত অর্থব্যবস্থা- ব্যাখ্যা কর। ৩

ঘ) “রাজুর দেশের প্রচলিত অর্থব্যবস্থা সর্বাধিক সামাজিক কল্যাণ অর্জনের উদ্দেশে পরিচালিত”- বিশ্লেষণ কর। ৪

৬।



চিত্রঃ ১

ক) কর্কটক্রান্তি রেখা কাকে বলে? ১

খ) মানুষের জন্য সবচেয়ে প্রয়োজনীয় বায়ুমন্ডলের স্তরটি ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উল্লিখিত 'N' অবস্থানে দিবা-রাত্রির হ্রাস-বৃদ্ধির বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ) "ঋতু পরিবর্তনের ক্ষেত্রে পৃথিবীর 'M' অবস্থান পৃথিবীর 'R' অবস্থানের বিপরীত"- বিশ্লেষণ কর। ৪

৭। বাংলাদেশে একটি আন্তর্জাতিক সংস্থার ১৩৬তম সদস্য হিসেবে স্বীকৃতি পায়। বাংলাদেশে সংস্থাটির প্রায় সব কটি অঙ্গসংস্থার মিশন আছে । সংস্থাটির ৪ জন শীর্ষস্থানীয় ব্যক্তি এ পর্যন্ত ৫ বার বাংলাদেশ সফর করেছেন। নারীর অধিকারের একটি পুর্ণাংগ দলিল হিসেবে ১৯৭৯ সালে উক্ত সংস্থার সাধারণ পরিষদে একটি সনদ গৃহীত হয়।

ক) জাতিসংঘের প্রথম উদ্দেশ্যটি লিখ। ১

খ) মানবাধিকার বলতে কী বোঝায় ? ২

গ) উদ্দীপকে যে সংস্থাটিকে ইঙ্গিত করা হয়েছে তার- ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের শেষ লাইনের সনদটির বাংলাদেশের ক্ষেত্রে ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮। নবম শ্রেণির ছাত্র লালু শহরের একটি স্কুলে পড়ে। সে বিভিন্ন বিষয়ে দুর্বল ছাত্রদের সহযোগিতা করে। সে শিক্ষক ও গুরুজনদের শ্রদ্ধা করে। লালুর চাচাতো ভাই বুলু গ্রামের বাড়ি থেকে বহুদূরে একটি স্কুলে পড়ে। দূরের কারণে সে নিয়মিত স্কুলে যেতে পারে না। তবে সহপাঠী ও বন্ধুদের সাথে সে স্বতস্ফূর্ত ও আন্তরিক।

ক) গণমাধ্যম কী ? ১

খ) সমাজ গঠনের মূল বিষয়টি ব্যাখ্যা কর। ২

গ) লালুর সামাজিকীকরণে যে প্রতিষ্ঠানের প্রভাব লক্ষণীয় তা- ব্যাখ্যা কর। ৩

ঘ) লালু ও বুলুর অবস্থানগত পরিবেশ ভিন্ন হলেও সমাজের সাথে তাদের সমন্বয় প্রায় সমভাবেই ঘটে- বিশ্লেষণ কর। ৪

৯। অনুর বাবা পাকিস্তান আমলে বিমান বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তা ছিলেন । সে সময়ে খুব কম সংখ্যক বাঙালি তার মত উচ্চপদে অধিষ্ঠিত হতে পেরেছিলেন। বেশির ভাগ বাঙালি কৃষিকাজে জড়িত ছিল এবং তাদের অর্জিত আয় পশ্চিম পাকিস্তানের উন্নয়নে ব্যয় হতো ।

ক) ছয় দফার একটি দফা লিখ? ১

খ) তমদ্দুন মজলিশ কেন গঠিত হয়েছিল ? ২

গ) অনুর বাবার মত বাঙালিরা যে ধরণের বৈষম্যের শিকার তা- ব্যাখ্যা কর । ৩

ঘ) "উদ্দীপকের পরিস্থিতিই বাঙালিদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের চালিকা শক্তি"- যুক্তিসহ লিখ। ৪

১০।



চিত্র ২

ক) মরা কটাল কী? ১

খ) সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহে তাপমাত্রা অত্যাধিক কেন? ২

গ) উদ্দীপকের 'A চিহ্নিত গ্রহটির ব্যাখ্যা দাও। ৩

ঘ) উদ্দীপকের 'B ও 'C চিহ্নিত গ্রহের তুলনামূলক আলোচনা কর। ৪

১১। সবুজ বিশ্বকাপ ফুটবল খেলা দেখছিল । এমন সময় তার বন্ধু সোহেল মালয়েশিয়া থেকে ফোনে বলল, এখন রাত ১০টা বাজে। তুই কি ঘুমিয়েছিস? সবুজ বলল- না, ঘুমাবো কেন? এখানে রাত ৮টা বাজে। ফুটবল বিশ্বকাপ খেলা দেখছি। সবুজ জানে ঢাকার দ্রাঘিমা ৯০ ডিগ্রি পূর্ব। মালয়েশিয়া ঢাকার পূর্বে অবস্থিত। তাই সে বিষয়টি নিয়ে ভাবতে থাকে।

ক) সৌরদিন কাকে বলে? ১

খ) স্থানীয় সময় বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের তথ্য থেকে মালয়েশিয়ার দ্রাঘিমা নির্ণয় কর। ৩

ঘ) সবুজ ও তার বন্ধু সোহেলের অবস্থানরত স্থানের সময়ের পার্থক্য হওয়ার কারণ- বিশ্লেষণ কর। ৪